

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (১৩-তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং- আবাআখা/প্রশা/পরিপত্র/১৭(অংশ)/২০১৬- ৩৩২৫


তারিখঃ ০৪.০৪.২০২১ খ্রি.

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ০৪/০৪/২০২১ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ সংখ্যক পত্রের মাধ্যমে করোনোভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে ০৫ এপ্রিল, ২০২১ হতে ১১ এপ্রিল, ২০২১ তারিখ মেয়াদের জন্য ১১ দফা নির্দেশনা জারী করা হয়েছে (কপি সংযুক্ত)। আমার বাড়ি আমার খামার প্রকল্পটি আগামী ৩০ জুন, ২০২১ তারিখে সমাপ্ত হবে। এ জন্য প্রকল্পের আওতায় চলমান কাজ লক্ষ্যমাত্রা অনুযায়ী সমাপ্ত করা অত্যন্ত জরুরি। এমতাবস্থায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

১. আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ জরুরি বিবেচনায় প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়সমূহ যথারীতি সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে;
২. প্রকল্পের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ এবং জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মচারীবৃন্দ আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে অফিস করবেন;
৩. মাঠ সহকারীগণ যথারীতি সদস্যদের সাথে যোগাযোগ ও উঠান বৈঠকের সময় সামাজিক দুরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন করবেন। মাঠে চলাচলের সময় সর্বদা পরিচয়পত্র সাথে রাখবেন;
৪. ফিল্ড সুপারভাইজারগণও একইরূপে দায়িত্ব পালন করবেন;
৫. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত চলাচল নিষেধাজ্ঞা চলাকালীন (পরবর্তীতে যদি সময় বৃদ্ধি করা হয় তাসহ) সকল স্তরের কর্মচারী আবশ্যিকভাবে স্ব স্ব কর্মস্থলে অবস্থান করবেন;
৬. উপজেলা অফিসে উপকারভোগী সদস্যদের সেবাগ্রহণকালে সামাজিক দুরত্ব বজায় রাখা ও স্বাস্থ্যবিধি অনুসরণ করতে উৎসাহিত করতে এবং নো মাস্ক নো সার্ভিস নীতি অবলম্বন করতে হবে;
৭. আর্থিক লেনদেন এর ক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংকের পল্লীলেনদেন সেবা গ্রহণে সদস্যদের উদ্বুদ্ধ করতে হবে;
৮. জেলা ও উপজেলা অফিসসমূহ সাপ্তাহিক/মাসিক সভা অনুষ্ঠানের ক্ষেত্রে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারে বেশী মনোযোগী হবে;
৯. স্থানীয় প্রশাসন হতে সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনাবলী মেনে চলতে হবে;
১০. জেলা সমন্বয়কারীগণ তার অধীনের সকল উপজেলার ক্ষেত্রে সার্বিক বিষয় মনিটর করবেন। কোন ব্যত্যয় দেখা গেলে সাথে সাথে প্রধান কার্যালয়ে রিপোর্ট করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।


আকবর হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৩৫৯০৮৩; ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬
headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৩. জেলা প্রশাসক (সকল);
৪. উপপ্রকল্প পরিচালক (সকল) প্রধান কার্যালয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা;
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬. প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. জেলা সমন্বয়কারী (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প।
৮. উপজেলা সমন্বয়কারী (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প (উপরে উল্লিখিত নির্দেশনা মোতাবেক সকল কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে)।
৯. জনাব-----
১০. সংশ্লিষ্ট নথি।